রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, নভেম্বর ২৮, ১৯৭৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**শাখা ৫**

**বিজ্ঞপ্তি**

**ঢাকা, ২৮শে অক্টোবর ১৯৭৫।**

নং এস, আর, ও, ৩৭৪-এল/৭৫/শা-৫/সি-১০/৭৫/২২৬—১৯৭৩ সালের বাংলাদেশ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ ও পৌরসভা) আদেশ (১৯৭৩ সালের পি, ও, নং ২২)-এর ২৭ অনুচ্ছেদের (২) দফায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার খুলনা জেলার রামপাল থানার অধীন নিম্নবর্ণিত শহর এলাককে ইংরেজী ১লা ডিসেম্বর ১৯৭৫ তারিখ হইতে মিউনিসিপ্যালিটি ঘোষণা করিলেনঃ

| মৌজার নাম। | ইউনিয়নের নাম। | জে, এল, নম্বর। |
|---|---|---|
| ১। সেহলাবুনিয়া | মোংলা পোর্ট | ২২ |
| ২। কামারডাংগা | ঐ | ২০ |
| ৩। গলাচিপাদিগরাজ | ঐ | ১৯ |
| ৪। আরাজি মাকরডন | ঐ | ২১ |

(২) উক্ত মিউনিসিপ্যালিটি মোংলা পোর্ট মিউনিসিপ্যালিটি নামে পরিচিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, কে, রশিদ আহমেদ
উপ-সচিব।



মূল্যঃ ২২ পয়সা।

## বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

### বিজ্ঞপ্তি

**ঢাকা, ২৮শে নভেম্বর, ১৯৭৫।**

নং মজুরী/তিন/৯/৭৩/৩৭৫—১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের (১৯৬১ সনের অধ্যাদেশ নং ৩৯) ৫(২) ধারা মোতাবেক এবং ১৯৬১ সনের নিম্নতম মজুরী আইনের ১৫(১) ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড "হিমাগার এবং বরফ কারখানা" (কোল্ড ষ্টোরেজ এণ্ড আইস ফ্যাক্টরীজ) শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের জন্য প্রণীত নিম্নতম মজুরীর "খসড়া সুপারিশ" (এতদসংগে প্রদত্ত) সংশিলষ্ট সাধারণের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তির মাধ্যমে জানান যাইতেছে।

এই "খসড় সুপারিশের" উপর যদি কাহারও কোন আপত্তি বা তথ্যাভিত্তিক বক্তব্য থাকে তাহা হইলে উক্ত "খসড় সুপারিশ" সহ তাহাদের আপত্তি/তথ্য ভিত্তিক বক্তব্য লিখিতভাবে বাংলাদেশ গেজেটে প্রকাশিত এই বিজ্ঞপ্তির তারিখ হইতে ১৪ (চৌদ্দ) দিনের ভিতর চেয়ারম্যান, বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড, ৪১/এ, চামেলীবাগ, ঢাকা-১৭, বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময় সীমা অতিবাহিত হইবার পর বোর্ডপ্রাপ্ত আপত্তি বা বক্তব্য বিবেচনাক্রমে সরকারের নিকট সুপারিশ উপস্থাপন করিবেন।

বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ডের আদেশক্রমে

জে, জি, ভৌমিক

চেয়ারম্যান।

---

## বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

### হিমাগার এবং বরফ কারখানা

### (কোল্ড ষ্টোরেজ এণ্ড আইস ফ্যাক্টরীজ)

### খসড়া সুপারিশ, ১৯৭৫

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের (১৯৬১ সনের ৩৯ নং অর্ডিন্যান্স) বিধানানুযায়ী প্রতিষ্ঠিত বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড ১৯৭৩ সনের ২৪শে আগষ্ট গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার "কোল্ড ষ্টোরেজ এণ্ড আইস ফ্যাক্টরীজ" শিল্প প্রতিষ্ঠানের জন্য নিম্নতম মজুরী ধার্যকল্পে সরকারী বিজ্ঞপ্তি নং এম, এল/ছয়/আর-৪/৭৩/৪৭৬ মোতাবেক বোর্ড গঠন করেন এবং প্রয়োজনীয় তদন্তক্রমে উক্ত শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের মজুরী ধার্যের সুপারিশ করিবার নির্দেশ দেন।

বোর্ড বাংলাদেশে অবস্থিত ছোট বড় অনেকগুলি হিমাগার (কোল্ড ষ্টোরেজ) পরিদর্শনক্রমে বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের কর্মাবস্থা, মজুরীর রেজিষ্ট্রার, মালিকের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা, সকল শ্রমিকের বিশেষ করিয়া হিমাগার (কোল্ড ষ্টোরেজ) শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের জীবিকা নির্বাহের ব্যয় সমেত আরও অন্যান্য বিষয় পর্যবেক্ষণ করেন।

বোর্ড শিল্প প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিকদের পক্ষ হইতে প্রয়োজনীয় তথ্যাবলী সংগ্রহ করিয়া তাহার তদন্ত কার্য সম্পন্ন করেন এবং ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেনঃ—

১। বাংলাদেশে অবস্থিত সমগ্র হিমাগার (কোল্ড ষ্টোরেজ) শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের জানামত সমস্ত পদ বা কাজসমূহকে সুষম ভিত্তিক তাহাদের কাজের প্রকৃতি, প্রশিক্ষণের তারতম্য, জ্ঞান, অভিজ্ঞতা, দক্ষতা, যোগ্যতা, দায়িত্ব, শারিরীক মেহনত ও কাজের ঝুঁকি ইত্যাদি বিবেচনাক্রমে দক্ষ, আধা-দক্ষ (ক), আধা-দক্ষ (খ) ও অদক্ষ এই চারি শ্রেণীতে বিভক্ত করা হউক যাহা অত্রসহ 'ক' পরিচ্ছেদে বলা হইয়াছে।

২। এখন হইতে শিল্প প্রতিষ্ঠানের মালিক 'ক' পরিচ্ছেদে উল্লিখিত শ্রমিকদের পদবিন্যাস অনুযায়ী যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিষ্টারভুক্ত করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী স্লীপ প্রদান করিবেন।

৩। যদি কোন কারণে কোন পদ 'ক' পরিচ্ছেদে উল্লিখিত না হয় তবে উক্ত শিল্প প্রতিষ্ঠানের মালিক অবশ্যই উক্ত পদ বা কাজের শ্রেণী নির্ধারণক্রমে এতদসংগে গ্রথিত 'খ' পরিচ্ছেদে উল্লিখিত নিম্নতম মজুরী প্রদান করিবেন এবং অনতিবিলম্বে এই সংশোধনের বিষয় নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যানকে জানাইবেন।

৪। যদি কোন শিল্প প্রতিষ্ঠানে কোন শ্রমিক কন্ট্রাক্টরের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিক ও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী শ্রমিক বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী কন্ট্রাক্টর ও মালিকের ন্যায় উপরোল্লিখিত ৩ নং সুপারিশ মোতাবেক কার্য করিবেন।

৫। শিল্প প্রতিষ্ঠানের মালিক তাহাদের বিভিন্ন পদে নিয়োজিত শ্রমিকদেরকে (যাহাদের বিষয় 'ক' পরিচ্ছেদে বলা হইয়াছে) 'খ' পরিচ্ছেদে নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম দিতে পারিবেন না।

৬। নির্ধারিত নিম্নতম মজুরী যাহা 'খ' পরিচ্ছেদে উল্লিখিত হইয়াছে তাহা সর্বোচ্চ মজুরী হিসাবে গণ্য হইবে না এবং বর্তমানে নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী দেওয়া হইয়া থাকে তাহা হ্রাস করা যাইবে না। অবশ্য নিয়োগ কর্তা/মালিক পক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে এককভাবে অথবা যৌথ চুক্তি অনুযায়ী অধিকতর অভিজ্ঞতা, কোন বিশেষ এলাকায় জীবনযাত্রার ব্যয়, ঝুঁকি অথবা অপর কোন কারণে উচ্চহারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৭। নির্ধারিত নিম্নতম মজুরী যাহা 'খ' পরিচ্ছেদে উল্লিখিত হইয়াছে তাহা সরকারী গেজেটে প্রকাশের তারিখ হইতে কার্যকরী হইবে।

জে, জি, ভৌমিক
চেয়ারম্যান।

আঃ ফারুক
(নির্দলীয় সদস্য)

আতাউল হক
(মালিক পক্ষের সদস্য)

সৈয়দ শাহ্‌জাহান
শ্রমিক পক্ষের সদস্য)

## "ক" পরিচ্ছেদ

### অদক্ষ

১। দারোয়ান
২। পিয়ন
৩। ঝাড়ুদার
৪। হেল্পার
৫। টেনকম্যান

### আধা-দক্ষ (ক)

১। সুপারভাইজার
২। অপারেটর

### আধা-দক্ষ (খ)

১। বিদ্যুৎ মিস্ত্রী
২। কেরানী (সকল প্রকার)
৩। ক্যাসিয়ার

### দক্ষ

১। একাউন্টেন্ট
২। হেড অপারেটর
৩। চীফ অপারেটর
৪। অপারেটর-ইন্-চার্জ

## "খ" পরিচ্ছেদ

### নিম্নতম মজুরী

| | | | |
|---|---|---|---|
| দক্ষ | ... | ... | ৩৪০ টাকা প্রতি মাসে। |
| আধা-দক্ষ (ক) | ... | ... | ২৬০ টাকা প্রতি মাসে। |
| আধা-দক্ষ (খ) | ... | ... | ২৫০ টাকা প্রতি মাসে। |
| অদক্ষ | ... | ... | ২০০ টাকা প্রতি মাসে। |

(কর্মরত ২৬ দিনে এক মাস এবং কর্মরত ৮ ঘণ্টায় একদিন হিসাবে গণনা করিতে হইবে।)

স্পেশাল অফিসার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
এসিসটেন্ট কন্ট্রোলার-ইন-চার্জ, বাংলাদেশ ফরমস্ এন্ড পাবলিকেশনস্ অফিস, ঢাকা, কর্তৃক প্রকাশিত।